

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটির কার্যবিবরণী:

- সভাপতি : মোঃ জহির উদ্দিন
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশখালী, কক্সবাজার।
- তারিখ : ২৬-১০-২০২৩ খ্রিঃ
- সময় : দুপুর ০১:১৫ টা হতে দুপুর ০২:৩০ টা।
- স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের কক্ষ।


সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ নং	কমিটির নাম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত/বাস্তায়নকারী কর্তৃপক্ষ	বাস্তায়নকারী কর্তৃপক্ষ
০১	অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির সভা	উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২৩ খ্রিঃ অর্থ বছরে এডিপি সরকারী বরাদ্দ বাবদ এখন পর্যন্ত ১ম কিস্তি বাবদ = ২৯,৭০,০০০.০০ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। ইতিমধ্যে প্রকল্প বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং প্রকল্প সমূহ অনুমোদনের জন্য প্রকল্প বাছাই কমিটির সভায় সুপারিশ করা হয়েছে। তিনি সভাকে জানান, প্রতিবারের মতো ১ম কিস্তির ন্যায় সম্ভাব্য ২য়, ৩য় এবং ৪র্থ কিস্তি পর্যন্ত বরাদ্দ পাওয়া যাবে বিধায় এডিপি সরকারী প্রাপ্ত বরাদ্দ ১ম কিস্তি এবং সম্ভাব্য ২য়, ৩য় এবং ৪র্থ কিস্তি পর্যন্ত সর্বমোট = ১,১৮,৮০,০০০.০০ টাকার প্রকল্প সমূহ অত্র সভায় একসাথে অনুমোদনের জন্য প্রস্তাব করেন। এছাড়াও রাজস্ব উদ্বৃত্ত (এডিপি) বাবদ ২০২২-২৩ অর্থ বছরে = ৪১,৩৮,৮৫৭.০০ টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে হস্তান্তরিত হয়েছে যাহা দ্বারা বিভিন্ন প্রকল্প/ উন্নয়ন মূলক কাজ বাস্তবায়ন করা যাবে। তিনি ২০২২-২৩ খ্রিঃ অর্থ বছরে এডিপি সরকারী বরাদ্দ প্রাপ্ত ১ম কিস্তি এবং সম্ভাব্য ২য়, ৩য় এবং ৪র্থ কিস্তি বাবদ = ১৮,৮০,০০০.০০ টাকা এবং রাজস্ব উদ্বৃত্ত (এডিপি) বাবদ = ৪১,৩৮,৮৫৭.০০ টাকা সর্বমোট = ১,৬০,১৮,৮৫৭.০০ টাকার প্রকল্প সমূহ (টেন্ডার এবং প্রকল্প কমিটি) অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় প্রকল্প সমূহ (টেন্ডার এবং প্রকল্প কমিটি) সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। (প্রকল্প সমূহ পরিশিষ্ট 'খ' তে দ্রষ্টব্য)।	চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।	উপজেলা প্রকৌশলী, মহেশখালী।

	<p>তিনি আরও জানান উপজেলা পরিষদ চত্বরে অফিস ভবন, গেজেটেড ভবন, নন- গেজেটেড ভবন এবং ডরমেটরী বেশ কয়েক বছর মেরামত ও রক্ষনাবেক্ষণ না করায় এ বছরের বর্ষনে বসবাসের অযোগ্য হয়ে পড়েছে। ইউটিডিসি ভবন-২, ডরমেটরী, নন-গেজেটেড কোয়ার্টার এবং উপজেলা হিসাব রক্ষণ অফিস, নন-গেজেটেড কোয়ার্টার মেরামত ও রক্ষনাবেক্ষণ এর জন্য সর্বমোট = ৩৬,৫২,৩৭৬.০০ টাকার প্রাক্কলন প্রস্তুত পূর্বক সভায় উপস্থাপন করেন। অনুমোদিত হলে প্রাক্কলণ উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবরে অর্থ বরাদ্দের জন্য প্রেরন করা হবে। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</p>		
--	--	--	--

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ জহির উদ্দিন)

উপজেলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ





আহরণ কমিটি

এহেশখালী, কক্সবাজার।

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি সভার হাজিরা

মহেশখালী, কক্সবাজার।

তারিখ: ২৬/১০/২০২৩

ক্রমিক	নাম	ঠিকানা	পদবী	স্বাক্ষর
১	সবুজ কুমার দে	উপজেলা প্রকৌশলী, মহেশখালী।	সদস্য সচিব	
২	এডভোকেট মোঃ শেখ কামাল	চেয়ারম্যান, কুতুবজোম ইউনিয়ন পরিষদ, মহেশখালী	সদস্য	
৩	আ খালেক চৌধুরী	চেয়ারম্যান, শাপলাপুর ইউনিয়ন পরিষদ, মহেশখালী	সদস্য	
৪	শা আ ম এনায়েত উল্লাহ বাবুল	চেয়ারম্যান, বড় মহেশখালী ইউনিয়ন পরিষদ, মহেশখালী	সদস্য	
৫	মোঃ জহির উদ্দিন	উপজেলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, মহেশখালী, কক্সবাজার	সভাপতি	